“বোয়েসেল নৈতিক, নিরাপদ ও সাশ্রয়ী অভিবাসন নিশ্চিত করে” ISO 9001 : 2015

# বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়েমেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

(প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়)

স্থাপিত - ১৯৮৪

BOESL

## সরকারি ব্যবস্থাপনায় বোয়েসেল-এর মাধ্যমে রাশিয়াস্থ ভেযদা শিপ বিল্ডিং কমপ্লেক্স-এ দক্ষ পুরুষ কর্মী নিয়োগ

বোয়েসেল-এর কোন এজেন্ট/সাব-এজেন্ট নেই, আগ্রহী প্রার্থীগণ সরাসরি আবেদন করতে পারবেন এবং বোয়েসেল কর্মী নির্বাচনে নিজে সিদ্ধান্ত নেয়

স্মারক নং: ৪৯.০২.০০০০.০০৪.৪৯.০০১.২১/৭৭৩ তারিখ: ১৩.০৬.২০২৪

| ক্র | পদের নাম | সংখ্যা | বেতন | অভিজ্ঞতা ও শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১. | **Ship Painter** (শিপ পেইন্টার) | ১০০ | ৪৫,০০০ রুবেল | জাহাজ নির্মাণ শিল্পে কমপক্ষে ০১ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। (দক্ষিণ কোরিয়া, সিঙ্গাপুর অথবা অন্যান্য দেশে আন্তর্জাতিক জাহাজ নির্মাণ শিল্পে কাজের বাস্তব অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার প্রদান করা হবে) |
| ২. | **Metal Ship Hull Fitter** (মেটাল শিপ হাল ফিটার) | ৫০ | ৫৫,০০০ রুবেল | |
| ৩. | **Ship Outfitting Assembler** (শিপ আউটফিটিং এসেম্বলার) | ২৫ | ৫০,০০০ রুবেল | |
| ৪. | **Ship Pipe Fitter** (শিপ পাইপ ফিটার) | ৫০ | ৫৫,০০০ রুবেল | |
| ৫. | **Marine Machine Fitter** (মেরিন মেশিন ফিটার) | ৫০ | ৫৫,০০০ রুবেল | |
| ৬. | **Welder** (ওয়েলডার) | ১০ | ৫৫,০০০ রুবেল | |
| ৭. | **Interpreter** (দোভাষী-ইংরেজী/রাশিয়ান হতে বাংলা) | ১০ | ৪৮,০০০ রুবেল | প্রার্থীকে অবশ্যই স্নাতক/স্নাতোকত্তর ডিগ্রীধারী হতে হবে এবং সনামধন্য প্রতিষ্ঠানে দোভাষী হিসেবে কাজ করার কমপক্ষে ০৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| | ১ রুবেল= ১.৩০ টাকা (আনুমানিক) | | | |

**চাকরির শর্তাবলি:**

(১) রাশিয়া গমনের জন্য প্রার্থীদের অবশ্যই ইংরেজি ভাষায় পারদর্শী হতে হবে এবং রাশিয়ান ভাষায় পারদর্শীদের অগ্রাধিকার প্রদান করা হবে;

(২) সংশ্লিষ্ট কাজের দক্ষতা থাকতে হবে;

(৩) চাকরির চুক্তি ০১ (এক) বৎসর (নবায়নযোগ্য);

(৪) শিক্ষানবিশকাল ০৩ (তিন) মাস;

(৫) প্রয়োজনীয় আসবাবপত্রসহ থাকা এবং প্রাথমিক চিকিৎসার ব্যবস্থা নিয়োগকারী কোম্পানি বহন করবে;

(৬) খাবার কর্মীর নিজ ব্যবস্থাপনায়;

(৭) চাকরিতে যোগদানের বিমান ভাড়া এবং চাকরি শেষে দেশে ফেরত আসার বিমান ভাড়া নিয়োগকর্তা বহন করবে;

(৮) চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে বছরে ০৩-০৫ মাস -১১ থেকে -৩০ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রায় কাজ করতে হবে; (ঠান্ডা/এলার্জির প্রবণতা থাকলে আবেদন না করা সঙ্গত হবে)

(৯) ক্র.নং-০৭ পদের ক্ষেত্রে রাশিয়ান ভাষা হতে বাংলা ভাষায় দোভাষী হিসেবে বর্তমানে কর্মরতদের অগ্রাধিকার প্রদান করা হবে;

(১০) অন্যান্য শর্তাবলি রাশিয়ার শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।

"বোয়েসেল নৈতিক, নিরাপদ ও সাশ্রয়ী অভিবাসন নিশ্চিত করে" ISO 9001 : 2015
বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়েমেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)
(প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়)
স্থাপিত - ১৯৮৪

**অন্যান্য তথ্যাবলী:**

নির্বাচিত প্রার্থীদের বোয়েসেল-এর নির্ধারিত সার্ভিস চার্জ ৫৬,৩৫০/- টাকা প্রদান করতে হবে। এছাড়াও মেডিকেল ফি বাবদ ২,০০০/-, ভিসা স্ট্যাম্পিং ফি বাবদ ১০,২০০/- টাকাসহ আনুসাঙ্গিক অন্যান্য ফি প্রদান করতে হবে। আগ্রহী প্রার্থীদের নিম্নবর্ণিত রেজিস্ট্রেশন লিংকে আবেদন করে ১০০ টাকা ফি প্রদান করতে হবে এবং ফি প্রদানের রশিদ সংগ্রহ করতে হবে। ইংরেজিতে এক (০১) কপি জীবন বৃত্তান্ত, অভিজ্ঞতার সনদ, ট্রেনিং সনদ, পাসপোর্টের রঙিন কপি, ফি প্রদানের রশিদ এবং অন্যান্য তথ্যাদি পূরণপূর্বক বোয়েসেল হতে প্রদত্ত লিংকে আগামী ২৩.০৬.২০২৪ তারিখ বিকাল ৩:০০ ঘটিকার মধ্যে আবেদন করার জন্য অনুরোধ করা হচ্ছে। উল্লেখ্য, ইনভাইটেশন লেটার/ ভিসা/ ওয়ার্কপারমিট ইস্যুর জন্য প্রার্থী কর্তৃক প্রয়োজনীয় কাগজপত্রাদি দাখিলের পর প্রার্থী রাশিয়া গমনে অনীহা প্রকাশ করলে বোয়েসেল-এ দাখিলকৃত তাঁর পে-অর্ডারটি বাজেয়াপ্ত ঘোষণা করা হবে। এ বিষয়ে প্রবাস বন্ধু কল সেন্টার ১৬১৩৫ -এ যোগাযোগ করা যেতে পারে। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞ সুদান প্রত্যাগতদের বিশেষ অগ্রাধিকার প্রদান করা হবে।

**বি:দ্র:- বোয়েসেল-এর তত্ত্বাবধানে নিয়োগকারী কোম্পানির প্রতিনিধি কর্তৃক সরাসরি ইন্টারভিউ গ্রহণ করা হবে। বিধায় প্রার্থীকে ইংরেজী অথবা রাশিয়ান ভাষায় কথপোকথনে দক্ষ হতে হবে।**

**ইতোমধ্যে, ভেযদা শিপ বিল্ডিং কমপ্লেক্স এর জন্য গত ২৮.০৫.২০২৪ তারিখ প্রকাশিত বিজ্ঞাপনে সংশ্লিষ্ট পদে আবেদনকৃত প্রার্থীদের পুনরায় আবেদন দাখিলের প্রয়োজন নাই।**

**(চূড়ান্তভাবে কর্মী নির্বাচন না হওয়া পর্যন্ত বোয়েসেল-এ কোনো প্রকার ফি প্রদান করতে হয় না এবং সকল ফি/চার্জ ব্যাংকের মাধ্যমে প্রদান করতে হয়)**

**❋আবেদনের ক্ষেত্রে আগে আসলে আগে পাবেন ভিত্তিতে বিবেচিত হবেন❋**

রেজিস্ট্রেশন লিংক:- https://brms.boesl.gov.bd/

আবেদন লিংক:- https://forms.gle/3AwLFYPC2JEyzdZE7

২৩.৬.২৪

সহকারি মহাব্যবস্থাপক
বোয়েসেল

নোমান চৌধুরী
সহকারী মহাব্যবস্থাপক
বোয়েসেল, ঢাকা।